যুগান্তর

তারিখ ... 15 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

# রাবিতে টিভি রুমে দলীয় কর্মীকে পেটাল ছাত্রলীগ

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

টিভি রুমে বসা নিয়ে দ্বন্দ্বের জেরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দলীয় কর্মীকে পিটিয়ে জখম করেছে ছাত্রলীগের নেতাকর্মীরা। রোববার রাত সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের মাদার বখ্‌শ হলে এ ঘটনা ঘটে।

আহত ছাত্রলীগ কর্মী শেখ নাঈম বিশ্ববিদ্যালয়ের ভাষা বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী। নাঈম রাবি ছাত্রলীগের যুগ্ম সম্পাদক গোলাম কিবরিয়ার অনুসারী। আর মারধরকারী এরশাদুর রহমান রিফাত, আরাফাত, বাপ্পী ও তরিকুল বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সদস্য সাকিবুল হাসান বাকির অনুসারী। এদের মধ্যে রিফাত, আরাফাত ও বাপ্পী ওই হলের শিক্ষার্থী নয়। প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা জানায়, রোববার রাতে বাংলাদেশ-ওমানের মধ্যকার খেলা চলাকালে সামনের সারিতে বসে খেলা দেখছিলেন ছাত্রলীগ কর্মী এরশাদুর রহমান রিফাত, আরাফাত, বাপ্পী, তরিকুলসহ ৭-৮ জন। এ সময় পেছনের সারিতে থাকা ছাত্রলীগ কর্মী শেখ নাঈম টিভি দেখতে না পেরে সামনে থাকা রিফাত ও আরাফাতকে মাথা একপাশে সরাতে বলে। তারা এতে কর্ণপাত না করলে নাঈম ক্ষিপ্ত হয়। এনিয়ে দু'পক্ষের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে নাঈমকে টেনেহিঁচড়ে টিভি রুমের বাইরে নিয়ে গিয়ে ইট দিয়ে বেধড়ক পেটায় রিফাত ও আরাফাতসহ অন্যরা।

মারধরের বিষয়টি স্বীকার করে ছাত্রলীগ কর্মী রিফাত বলেন, নাঈম তার সিনিয়র আরাফাতের সঙ্গে খারাপ ব্যবহার করে। এজন্য আমরা তাকে একটু শাসন করেছি।

রাবি ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি রাশেদুল ইসলাম রাঞ্জু বলেন, মারধরকারীদের মধ্যে রিফাত, আরাফাত ও বাপ্পী ওই হলের বৈধ নয়, তাদের দ্রুত হল ছেড়ে চলে যেতে বলা হয়েছে।